

ওকাপ মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৮

ওকাপ মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৮ঃ প্রেক্ষাপট

বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে শ্রম অভিবাসন একটি গুরুত্বপূর্ণ বিষয়। শ্রমিক প্রেরণের দিক থেকে বাংলাদেশ অন্যতম একটি উৎস দেশ হিসেবে পরিচিত। বিএমইটি'র তথ্য মতে, প্রায় ১২ মিলিয়নের অধিক বাংলাদেশী নাগরিক বর্তমানে বিদেশে কর্মরত আছে। বিদেশে ভালো চাকুরীর প্রত্যাশায় নারী অভিবাসীর সংখ্যাও দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে। প্রতি বছর বাংলাদেশী অভিবাসী কর্মীদের পাঠানো রেমিটেন্সের পরিমাণ গড়ে প্রায় ১৫ বিলিয়ন মার্কিন ডলার। দেশের মোট জাতীয় আয়ের ১৩% অর্জিত হয় অভিবাসী কর্মীর পাঠানো রেমিটেন্সে। অভিবাসীদের অধিকার সুরক্ষার নিমিত্তে ২০১৩ সালে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন' এবং ২০১৬ সালে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি প্রণীত হয়। অভিবাসীদের অধিকার সুরক্ষায় এই পদক্ষেপ নিঃসন্দেহে একটি মাইলফলক। এতদসত্ত্বেও আইনের বিভিন্ন ফাঁকফোকর কাজে লাগিয়ে ভিসা ব্যবসায়ীরা অভিবাসীদের বিভিন্নভাবে শোষণ করে থাকে। মধ্যস্বত্ত্বভোগী এবং দালাল চক্র সম্ভাব্য বিদেশগামী শ্রমিকদের মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে তাদের জীবনকে হুমকির মুখে ঠেলে দিচ্ছে। স্থানীয়ভাবে সরকারী তদারকিতে নিয়োগ প্রক্রিয়ার কোন সুযোগ না থাকা এবং দালালদের লোভনীয় প্রস্তাব বিদেশ যাওয়ার প্রক্রিয়ায় বা বিদেশে গিয়ে অনেক অভিবাসী কর্মী বিশেষ করে নারী ও অপ্রাপ্তবয়স্ক মেয়ে শ্রমিকরা বিভিন্ন ধরনের শোষণ, নির্যাতন কিংবা পাচারের স্বীকার হয়। এদের অধিকাংশই দেশে ও বিদেশে প্রতিকার থেকে বঞ্চিত হয়।

অভিবাসী কর্মী উন্নয়ন প্রোগ্রাম (ওকাপ) ২০০৪ সাল থেকে অভিবাসীদের অধিকার সুরক্ষা ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় বন্ধপরিষদ। আমরা বিশ্বাস করি, অভিবাসী কর্মীদের অধিকার সুরক্ষা, গন-সচেতনতা তৈরী ও নীতি নির্ধারকদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনে মিডিয়া অপরিসীম ভূমিকা রাখতে পারে। কাজেই ওকাপ দাতাসংস্থা 'ইউরোপীয় ইউনিয়ন' এবং 'ক্যাফোড' এর সহযোগিতায় এই প্রথম বারের মত 'মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৮' প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে।

কারা আবেদন করতে পারবেঃ

বর্তমানে জাতীয় পর্যায়ে দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়াতে কর্মরত যে কোন সাংবাদিক 'ওকাপ - মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৮' তে আবেদন করতে পারবে। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে ফরিদপুর (চরভদ্রাসন), নরসিংদী, মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জ (আড়াইহাজার) জেলায় দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়াতে কর্মরত স্থানীয় সাংবাদিকবৃন্দ ও জেলা প্রতিনিধিগন অত্র অ্যাওয়ার্ড এর জন্য আবেদন করতে পারবে।

প্রতিবেদনের বিষয়সমূহঃ

ওকাপ মিডিয়া অ্যাওয়ার্ড এর জন্য ০১ জানুয়ারী থেকে ৩১ অক্টোবর, ২০১৮ ইং তারিখের মধ্যে নিম্নোক্ত বিষয়সমূহের উপর প্রকাশিত প্রতিবেদন বিবেচ্য হিসেবে ধরা হবে।

- অভিবাসী কর্মীর নিয়োগ প্রক্রিয়ার কাহিনী,
- অভিবাসী কর্মীর প্রতারণা ও নির্যাতনের গল্প,
- ক্ষতিগ্রস্ত ফেরত অভিবাসী কর্মীর (অপ্রাপ্ত বয়স্ক/ নারী) বর্তমান জীবন কাহিনী,
- অভিবাসী কর্মীর আইনি অধিকার সংরক্ষণ ও প্রধান অন্তরায়ের উপর বিশ্লেষণধর্মী প্রতিবেদন,
- আইনী সেবা নিশ্চিতকরণে সরকারী কাঠামো বা মানোন্নয়নে সরকারী পদক্ষেপের উপর প্রকাশিত প্রতিবেদন,
- অভিবাসনের নামে মানব পাচার এর উপর বিশ্লেষণধর্মী প্রতিবেদন, ইত্যাদি

আবেদনের যোগ্যতাঃ

- ০১ জানুয়ারী থেকে ৩১ অক্টোবর, ২০১৮ সময়কালে জাতীয় ও স্থানীয় (উল্লেখিত জেলাসমূহে) দৈনিক পত্রিকা, টেলিভিশন বা অনলাইন পত্রিকায় কমপক্ষে তিনটি প্রকাশিত প্রতিবেদন থাকতে হবে,
- আবেদনকারীর দৈনিক বা অনলাইন পত্রিকা, অথবা টেলিভিশনে কমপক্ষে ০৩-০৪ বছরের কাজের অভিজ্ঞতা,
- আবেদনকারীকে উপরে উল্লেখিত জেলা ও উপজেলা সমূহের এবং জাতীয় পর্যায়ে কর্মরত।

নির্বাচনী প্রক্রিয়া ও পুরস্কারঃ

আলোচ্য বিজ্ঞাপনটি বিডিজবস.কম, সংশ্লিষ্ট প্রেস ক্লাব ও ওকাপ ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনকারী সাংবাদিকগণের মধ্য হতে জাতীয় পর্যায়ে ০৪ জন ও জেলা/উপজেলা পর্যায়ে দুইজন করে মোট ১২ জন সাংবাদিককে এই অ্যাওয়ার্ড এর জন্য মনোনীত করা হবে। এক্ষেত্রে কারো মাধ্যমে সুপারিশ বা তদবিরকৃত প্রার্থীর আবেদনকে সরাসরি বাতিল বলে গণ্য করা হবে। নির্বাচিত অ্যাওয়ার্ড প্রাপ্তদের প্রত্যেককে সম্মানী হিসেবে ১২,০০০/= (বারো হাজার টাকা), সনদপত্র এবং একটি করে ক্রেস্ট প্রদান করা হবে।

নির্বাচিত অ্যাওয়ার্ড প্রাপ্তদের করণীয়ঃ

- নির্বাচিত হবার পরে ওকাপ কর্তৃক আয়োজিত অভিবাসন ও মানব পাচার বিষয়ে ০২ দিনের প্রশিক্ষণে অংশগ্রহন করতে হবে।
- প্রশিক্ষণের পর নির্ধারিত অভিবাসন ও মানব পাচার ইস্যুতে প্রতিবেদন প্রকাশে মনযোগী হতে হবে।

আবেদনের প্রক্রিয়া ও সময়সীমাঃ

‘ওকাপ মিডিয়া অ্যাওয়ার্ড - ২০১৮’ তে আবেদন করতে পরিপূর্ণ বায়োডাটা, ০১ জানুয়ারী থেকে ৩১ অক্টোবর, ২০১৮ ইং তারিখের মধ্যে উপরিউক্ত বিষয়সমূহের উপর প্রকাশিত প্রতিবেদনের কপি ও কভার লেটার সহ hr.ad.okup@gmail.com ঠিকানায় ইমেইল করুন অথবা ওকাপ, সওদাগর গার্ডেন (৪র্থ তলা), ৪৬৬, নয়াপাড়া, পোস্ট অফিস রোড, দনিয়া, যাত্রাবাড়ী, ঢাকা- ১২৩৬, বাংলাদেশু এই ঠিকানায় আগামী ১৫ নভেম্বর, ২০১৮ এর মধ্যে পাঠিয়ে দিন। এক্ষেত্রে অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।



EUROPEAN UNION

This project is funded by The European Union



CAFOD
Just one world

This project is implemented by OKUP and partner CAFOD